

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়
বন অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখঃ ১৫ সেপ্টেম্বর ২০১৫

নং পবম (বং শাঃ-১)-৩১/২০১০/৩৩৬—বন আইন, ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ২০ ধারায় বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যায় বুধবার, মার্চ ২৫, ২০১৫ তারিখে প্রকাশিত এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং পবম(বংশাঃ ১)/০৪/২০১২/১৫ তারিখঃ ১৪ জানুয়ারি ২০১৫ মূলে নিম্ন তফসিলভুক্ত বনভূমি সংরক্ষিত বন ঘোষণা করা হয়। এক্ষণে তাহা নিম্নাঙ্ক শর্তাধীনে সরকার প্রধান কর্তৃক জনস্বার্থে পাকা সড়ক নির্মাণ কাজে ব্যবহারের অনুমতি প্রদান করায় বন আইন, ১৯২৭ (১৯২৭ সালের ১৬ নং আইন) এর ২৭ (১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে অন্ত বিজ্ঞপ্তি জারির তারিখ হইতে নিম্ন তফসিলভুক্ত বনভূমি আর সংরক্ষিত বনভূমি হিসেবে গণ্য হইবে নাঃ।

ভূমির তফসিল ও চৌহদি

জেলার নাম	উপজেলা	বন বিভাগের রেঞ্জের নাম	মৌজা/ চরের নাম	সি. এস দাগ	আর. এস দাগ	ভূমির পরিমাণ (হেক্টের)	চৌহদি
১	২	৩	৪	৫	৬	৭	৮
ভোলা	চরফ্যাশন	কুকুরী- মুকুরী রেঞ্জ	চর কুকুরী মুকুরী	—	—	৩.৪২২	উত্তরে-বুড়া গৌরাঙ্গ নদী, দক্ষিণে মৌজা কুকুরী মুকুরী, দাগ নং ১০১৬, ১০৩৫, ১০৫০, পূর্বে সংরক্ষিত বন ভূমি (চর কুকুরী মুকুরী), পশ্চিমে সংরক্ষিত বন ভূমি (চর কুকুরী মুকুরী)
				মোট	৩.৪২২		

শর্তাবলী

- (ক) বর্ণিত রাস্তার দুই পাশে যে কোন ধরণের স্থায়ী-অস্থায়ী স্থাপনা বা দোকান-পাট নির্মাণ করা
যাইবে না;

(৮০৬৩)

মূল্যঃ টাকা ৪.০০

- (খ) রাস্তার দুই পাশে পর্যাপ্ত পরিমাণ গাছ রোপণ ও তত্ত্বাবধান নিশ্চিত করিতে হইবে;
- (গ) বর্তমানে অবস্থিত কাঁচা সড়কটি পাকাকরণের জন্যই কেবল সংরক্ষিত বনের জায়গা ব্যবহার করা যাইবে।
- ২। এই প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কামাল উদ্দিন আহমেদ
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd